গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/প্রশা/উন্নয়ন মেলা/২০৫/২০১৭- ৩৭৮ তারিখ : ১৮.০৯.২০১৮ খ্রি.

**বিষয় : 4র্থ জাতীয় উন্নয়ন মেলা ও সেবা সপ্তাহ সাড়ম্বরে উদযাপন প্রসঙ্গে।**

সুত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং- ০৩.৪৫১.০২২.০০০০.২০১৬-৪১৮, তারিখ : ০৬.০৯.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছর সমূহের ন্যায় এ বছরও ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা আগামী ৪-৬ অক্টোবর/২০১৮ তারিখে উদযাপনের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারি সিদ্ধান্তের ধারাবাহিকতায় একটি বাড়ি একটি খামার প্রকল্পও প্রতিবছরের ন্যায় উপজেলা ও জেলা পর্যায়ে সাড়ম্বরে ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা এবং সেবা সপ্তাহ উদযাপন করবে। সুত্রস্থ স্মারকে উন্নয়ন মেলা উদযাপনের জন্য বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা প্রতিপালন ছাড়াও একটি বাড়ি একটি খামার প্রকল্পের পক্ষ হতে মেলাকে অধিকতর ফলপ্রসু করার জন্য নিম্নোক্ত অতিরিক্ত নির্দেশনা প্রদান করা হল :

১. **উন্নয়ন মেলার প্রতিপাদ্য বিষয় : 'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ'** নির্ধারিত হয়েছে। এ বিষয়টিকে কেন্দ্র করে মেলার সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.**স্টল :** মেলার প্রদর্শনী অংশের প্রথম দিকে একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম প্রদর্শনের জন্য একটি স্টল বরাদ্দ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. **সেবা সপ্তাহ:** উন্নয়ন মেলা উদযাপনের পাশাপাশি আগামী ৪-১১ অক্টোবর সময়ে একটি বাড়ি একটি খামার প্রকল্পে সেবা সপ্তাহ পালন করতে হবে। সেবা সপ্তাহ উপলক্ষে সদস্যদের বিভিন্ন সেবা ( সদস্য ভর্তি, সঞ্চয় গ্রহণ, ঋণ প্রদান, ঋণের কিস্তি গ্রহণ ইত্যাদি) কার্যক্রম গ্রামে গ্রামে সদস্যদের দোরগোড়ায় প্রদান করতে হবে।

৪. **ব্যানার :** কেন্দ্রীয়ভাবে সরবরাহকৃত ব্যানার ছাড়াও একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম প্রদর্শনের নিমিত্ত নির্মিত স্টলে আলাদা ব্যানার প্রদর্শন করতে হবে।

৫. **পোস্টার প্রদর্শনী ও বুকলেট বিতরণ:** উন্নয়ন মেলা ও সেবা সপ্তাহ উপলক্ষে প্রতি উপজেলায় ২ (দুই) হাজার পোস্টার এবং ৪০০ (চারশত) পুস্তিকা প্রেরণ করা হবে। পোস্টারসমূহ উপজেলায় প্রত্যন্ত অঞ্চলে প্রতিটি গ্রামে/হাটে/বাজারে/স্কুল/কলেজ/মাদ্রাসায়/জনসমাগম হয় এমন উন্মুক্ত স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। পুস্তিকা মেলায় বিতরণ করতে হবে। প্রতি ইউনিয়ন পরিষদে পোস্টার ও পুস্তিকা বিতরণ করতে হবে।

৬. **আলোচনার বিষয় :** উপজেলা নির্বাহী অফিসার- এর মাধ্যমে মেলা উপলক্ষে অনুষ্ঠেয় আলোচনা সভায় নির্দিষ্ট একটি দিনে **'মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ-১: একটি বাড়ি একটি খামার'** শীর্ষক আলোচনা সভার বিষয় নির্ধারণ করা যেতে পারে।

৭. **বাজেট :** মেলার জন্য কেন্দ্রীয়ভাবে নির্দেশিত সরকারি বাজেটের অতিরিক্ত একটি বাড়ি একটি খামার প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য জেলা পর্যায়ে ২০০০০/- (বিশ হাজার) ও উপজেলা জেলা পর্যায়ে ১২,০০০/- (বার হাজার) টাকা হারে বাজেট বরাদ্দ প্রেরণ করা হবে।

৮. **টার্গেট গ্রুপ :** মেলায় একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতির সভাপতি, ম্যানেজার, সাধারণ সদস্য, বিশেষ করে মহিলা সদস্যদের অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে। তাদের উৎপাদিত পণ্য প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা করতে হবে। এ লক্ষ্যে মাঠ সহকারীগণ নিজ নিজ কর্ম এলাকার সমিতির সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে সকলের উপস্থিতি নিশ্চিত করার দায়িত্ব গ্রহণ করবেন।

৯. **<u>মেলার কার্যক্রম/কর্মসূচি :</u>** মেলাকে সাফল্যমন্ডিত করার জন্য একটি বাড়ি একটি খামার প্রকল্প হতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারে :

ক) মেলার সম্মুখভাগে একটি বাড়ি একটি খামার প্রকল্পের জন্য একটি স্টল বরাদ্দ গ্রহণ করতে হবে;

খ) স্টলটি সুন্দর ও দৃষ্টি নন্দনভাবে সাজিয়ে নিতে হবে;

গ) স্টলে প্রকল্প বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা সংক্রান্ত ভিডিও প্রদর্শন, প্রকল্প বিষয়ক নাটিকা, সাফল্যগাঁথার ডকুমেন্টারী প্রদর্শন, প্রকল্পের অনলাইন কার্যক্রম সার্বক্ষণিক প্রদর্শন করতে হবে;

ঘ) স্টলে কর্মচারীদের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ডিউটি রোস্টার করে দিতে হবে;

ঙ) স্টল-ভিজিটরদের বিভিন্ন কার্যক্রম প্রদর্শন ও প্রশ্নের উত্তর প্রদানের জন্য এ বিষয়ে অভিজ্ঞ কর্মচারীদের দায়িত্ব প্রদান করতে হবে;

চ) মেলার আলোচনা সভায় প্রকল্প বিষয়ক অভিজ্ঞ ব্যক্তিবর্গকে আলোচনায় অংশগ্রহণের জন্য পূর্বেই ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ) স্টলে প্রশ্নোত্তর ও আলোচনায় প্রকল্প কার্যক্রমের সাথে অন্যান্য সংগঠনের পার্থক্য, উপজেলা ও দেশব্যাপী প্রকল্পের বিশাল কর্মকান্ড ও ব্যাপ্তি বিষয়ে (ড্যাশবোর্ড দেখিয়ে) জনগণকে অবহিত করার কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০. **<u>মেলার প্রচার :</u>** মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন দর্শন-একটি বাড়ি একটি খামার প্রকল্প বিষয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় সংসদ সদস্যদের উপজেলা নির্বাহী অফিসার- এর মাধ্যমে মেলায় আমন্ত্রণ করতে হবে। এ কাজে স্থানীয় ও জাতীয় ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিদের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম তথা তথ্যচিত্র/ অডিও-ভিডিও/ ফেসবুক/ ক্যাবল টিভি ইত্যাদি প্রচার মাধ্যমও ব্যবহার করা যেতে পারে। তাছাড়াও মেলার মূল সমন্বয়কের নির্ধারিত সকল প্রচার কার্যক্রমে অংশগ্রহণ ও পূর্ণ সহযোগিতা করতে হবে।

১১. **<u>ডকুমেন্টেশন :</u>** মেলায় গৃহীত সকল কর্মকান্ডের রেকর্ড সংরক্ষণ ও বিভিন্ন প্রকাশনায় ব্যবহারের জন্য লিখিত রিপোর্ট/স্থিরচিত্র/ভিডিও সংরক্ষণ ও প্রচার মাধ্যমে সরবরাহ করা এবং তা সদর কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।

১৮.৯.১৯

(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৩৫৯০৮৩
ফ্যাক্স: ৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

**উপজেলা সমন্বয়কারী (সকল)**
**---------- উপজেলা, --------------জেলা।**

**<u>সদয় কার্যার্থে অনুলিপি :</u>**

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
২. জেলা প্রশাসক --------------------।
৩. উপজেলা নির্বাহী অফিসার -------------------------।
৪. উপপরিচালক-বিআরডিবি ও জেলা সমন্বয়কারী ---------------------------।
৫. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার---------------------------------------------।

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি :</u>**

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।